



এসএসএমসি অ্যালামনাইয়ের পুনর্মিলনী ও নতুন কমিটি

ডা: ফারুক সভাপতি, ডা: শাহীন সম্পাদক
নিউইয়র্ক : 'এ্যান আপডেট অফ
মেডিসিন' শ্লোগান ধরে নিজেদের
পেশাগত দক্ষতা সমৃদ্ধ করতে একাডেমিক
সেমিনার আর এরপর ৩৯ পাতায়



সালের জন্য সংগঠনের
নতুন কমিটিতে ডা:
ফারুক আহমেদ সভাপতি
ও ডা: শাহীন আহমেদ
সাধারণ সম্পাদক
নির্বাচিত হয়েছেন।
জেএফকে আন্তর্জাতিক
বিমান বন্দরের কাছে
অবস্থিত ডাবলট্রি হোটেলে
গত ২৯ জুন শনিবার
দিনব্যাপী এসএসএমসি
অ্যালামনাই-এর বার্ষিক
পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানমালার মধ্যে ছিল মেডিক্যাল বিষয়ক একাধিক একাডেমিক সেমিনার,
দ্বি-বার্ষিক নির্বাচন,



এরপর ৩২ পাতায়

WEEKLY AJKAL
Bengali news Weekly

আডাকাত

এসএসএমসি অ্যালামনাইয়ের

[৩৯ পৃষ্ঠার পর]

সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি। এছাড়াও ছিল শিশু-কিশোর-
কিশোরীদের জন্য বিনোদনের ব্যবস্থা। ছিলো মেডিক্যাল
বিষয়কসহ পোশাক-পরিচ্ছদের একাধিক স্টল।
অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুইন্স
মেডিক্যাল সোসাইটির সভাপতি ডা: মালহোত্রা।
সেমিনার কক্ষে কোর্স পরিচালক ডা. ফারুক আহমেদের
স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান। এই পর্বে
পর্যায়ক্রমে বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন ডা: মোহাম্মদ কিউ
ইসলাম, ডা: রুমানা সুলতানা, ডা: ফারুক আহমেদ, ডা.
হাবিবুর রহমান ও জেরিমি ড্রাস্ট্রিক। সেমিনারগুলো
সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন সংগঠনের বিদায়ী
সাধারণ সম্পাদক ডা: ওবায়দুর খান ও ডা: এষা খশনু।
এরপর অনুষ্ঠিত হয় সংগঠনের বিজনেস সভা। এই সভায়
মডারেটর ছিলেন ডা: হাবিবুর রহমান।

একাডেমিক সেমিনার শেষে বিকেল পাঁচটার দিকে
সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয় এসএসএমসি অ্যালামনাই
অ্যাট্রোড'র দ্বি-বার্ষিক নির্বাচন। এর আগে সংগঠনের
গঠনতন্ত্রের একটি বিষয়ে একটি সংশোধনী সর্বসম্মতিতে
গৃহীত হয়। ব্যতিক্রমী এই নির্বাচনে উপস্থিত সদস্যদের
কম্পিউটারাইজড পদ্ধতিতে এসএমএস ভোটে নতুন
কমিটির কর্মকর্তাদের নির্বাচিত করা হয়। নির্বাচনে শুধুমাত্র
সাংস্কৃতিক সম্পাদক পদে দু'জন প্রতিদ্বন্দ্বী থাকায় এই
পদের নির্বাচনে এসএমএস ভোট সমান সংখ্যক পড়ায়
পরবর্তীতে গোপন ভোটে প্রার্থী নির্বাচিত করা হয়।
২০১৩-২০১৪ সালের জন্য নির্বাচিত কর্মকর্তারা হচ্ছেন:
সভাপতি- ডা: ফারুক আহমেদ, সহসভাপতি- ডা: সুমিত
মামুন, সাধারণ সম্পাদক- ডা: শাহীন আহমেদ,
কোষাধ্যক্ষ- ডা: পারভেজ আলম, সহকারী কোষাধ্যক্ষ-

ডা: তাজবীর আলম এবং সাংস্কৃতিক সম্পাদক- ডা: বর্ণালী
হাসান। কার্যকরী পরিষদ সদস্য- ডা: রুমানা সুলতানা,
ডা: আসিফ হিলমী, ডা: মনির মোহর, ডা: শফি ভূঁইয়া,
একেএম সরকার লিটু। এছাড়া বিদায়ী কমিটির সভাপতি
ডা: হাবিবুর রহমান ও সাধারণ সম্পাদক ডা: ওবায়দুর
খান পদাধিকার বলে কার্যকরী কমিটির সদস্য থাকবেন।
এছাড়া ডা: কামরুল ইসলাম, ডা: আহমেদ কবীর মনি,
ডা: নোয়াব আলী ও ডা: রতন বণিককে সংগঠনের
উপদেষ্টা পরিষদের সদস্য মনোনীত করা হয়। নির্বাচনী
পর্বে ডা: এষা খশনুকে সংগঠনের এক্সপার্ট ফোরামের
চেয়ারম্যান, ডা: সৈয়দ জালালকে ফান্ড রেইজিং কমিটির
চেয়ারম্যান মনোনীত করা হয়। উল্লেখ্য, সাংস্কৃতিক
সম্পাদক পদে ডা: বর্ণালী হাসানের প্রতিদ্বন্দ্বী ছিলেন ডা:
সেজান মাহমুদ লিটু। সদস্যদের গোপন ভোটে ডা: বর্ণালী
পান ১২ ভোট আর ডা: সেজান মাহমুদ লিটু পান ৯ ভোট।
বিকেলে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানের শুরুতে
যুক্তরাষ্ট্র ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।
এরপর এসএসএমসি অ্যালামনাই অ্যাট্রোডের বিদায়ী
সভাপতি ডা: হাবিবুর রহমান উপস্থিত সকলের উদ্দেশ্যে
সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন। এসময় তিনি সংগঠনের
বিগত পাঁচ বছরের কর্মকর্তা সংক্ষেপে তুলে ধরে
সম্মিলিতভাবে সংগঠনকে আরো শক্তিশালী করার আহ্বান
জানান এবং সফল অনুষ্ঠান উপহার দেওয়ার জন্য
সংগঠনের কার্যকরী পরিষদের কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা
প্রকাশ করেন। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন বিদায়ী
কোষাধ্যক্ষ ডা: সৈয়দ জালাল, ডা: ফারুক মুহাম্মদ ও
মেটলাইফের মিজানুর রহমান। এই পর্বে কবিতা পাঠ
করেন ডা: হাবিবুর রহমান, ডা: রতন বণিক, চুটকি বলেন
ডা: শুকুর ও ডা: মুকুট, সঙ্গীত পরিবেশন করেন ডা: মুকুট,
ডা: বর্ণালী হাসান, ডা: মোহাম্মদ কিউ ইসলাম ও তার দল,
মিলাদুন এ্যানী এবং ফাবিহা সিদ্দিকী। গীটার বাজিয়ে
শোনায় নতুন প্রজন্মের রাজ হাসান। এছাড়া নৃত্য

পরিবেশন করে নতুন প্রজন্মের মাইশা ও মালিহা রহমান।
সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন ডা: এষা খশনু।
উল্লেখ্য, শনিবারের অনুষ্ঠানটি ছিলো এসএসএমসি
অ্যালামনাই অ্যাট্রোডের তৃতীয় বার্ষিক পুনর্মিলনী। এতে
সংগঠনের প্রায় অর্ধশত সদস্য স্বপরিবারে অংশ নেন।
অনুষ্ঠানটি উপলক্ষে একটি স্মরণিকাও প্রকাশ করা হয়।
সম্পাদনা করেছেন ডা: সুমিত মামুন।
পুনর্মিলনী অনুষ্ঠানটি সফল করতে গঠিত কমিটির
কর্মকর্তারা ছিলেন: চেয়ারম্যান- ডা: মোহাম্মদ ইসলাম,
কো চেয়ার- ডা: শাহীন আহমেদ, সিএমই কমিটির প্রোগ্রাম
ডাইরেক্টর- ডা: ফারুক আহমেদ, কো ডাইরেক্টর- ডা:
ওবায়দুর খান, প্রোগ্রাম কোঅর্ডিনেটর- ডা: শাহীন
আহমেদ, সদস্য: ডা: এষা খশনু ও ডা: পারভেজ আলম।
এছাড়াও কমিটির সদস্য ছিলেন যথাক্রমে ডা: তাসবিরুল
আলম, ডা: এনায়েত ঠাকুর, ডা: ফারুক আহমেদ, ডা:
মোহাম্মদ রহমান, ডা: তানজিলা মুস্তফা, ডা: সাবিনা
আওয়াল, ডা: জামিল আহমেদ, ডা: বর্ণালী হাসান, ডা:
মনজিলা রহমান, ডা: রেজওয়ান আনিস, ডা: সাব্বির
সিদ্দিক, ডা: ওলিয়া আলিয়া, ডা: রতন বণিক, ডা: খাজা
চৌধুরী, ডা: আসিফ হিমলি কাজী, ডা: মুস্তফা সামাদ, ডা:
মারফা খাতুন, ডা: আশরাফ মালেক, ডা: এস এম মনির
মোহর, ডা: রাবেয়া নুসরাত, ডা: শারমিন পান্না, ডা:
ফাহিমিনা কাদের, ডা: ফারহানা রানা, ডা: বিশ্বজিত সাহা,
ডা: একেএম সরকার, ডা: মৌমিতা সরকার, ডা: আবু
সিদ্দিক, ডা: মাহবুবুর সিদ্দিক, ডা: রুমানা সুলতানা ও ডা:
আমিনুল ইসলাম সোহেল।